

তারিখ: ২০/০১/২০২১ খ্রি:

নং-১৫.৫৮.০০০০.১০৭.২৯.০২০.১৮-১৪৫

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধ বিষয়ক বিরল স্থিরচিত্র, অডিও-ভিডিও চিত্রসহ অন্যান্য সামগ্রীর অনুলিপি বা রেকর্ডিকা দীর্ঘমেয়াদী সংরক্ষণের লক্ষ্যে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে জমা দেয়ার জন্য অনুরোধ।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী/ মুজিববর্ষ এবং মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশের বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের সংগ্রহে থাকা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর পরিবার, জীবন ও কর্মের ওপর এবং মহান মুক্তিযুদ্ধের স্মৃতিবাহী স্থিরচিত্র, বিরল স্থিরচিত্র সংবলিত পুস্তক/ম্যাগাজিন/পত্রিকা/অ্যালবাম, যে কোন ফরম্যাটে নির্মিত অডিও-ভিডিও ক্লিপিং, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র, সংবাদচিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র ইত্যাদি স্থায়ীভাবে সংরক্ষণের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভ উদ্যোগ গ্রহণ করেছে।

এমতাবস্থায়, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর শৈশব, কৈশোর, ছাত্রজীবন ও রাজনৈতিক জীবনের স্মৃতিবাহী যে কোন ধরনের স্থিরচিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র, সংবাদচিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, অডিও ও ভিডিওচিত্র, বিরল স্থিরচিত্র সংবলিত পুস্তক/ ম্যাগাজিন/ পত্রিকা/ অ্যালবাম, মুক্তিযুদ্ধভিত্তিক যে কোন ধরনের অডিও-ভিডিও চিত্রের মূলকপি বা অনুলিপি এর হার্ডকপি/ সফটকপি আগামী ২৬ শে মার্চ, ২০২১ তারিখের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় সরাসরি অথবা bfarchivebd@gmail.com / dg@bfa.gov.bd ই-মেইলে প্রেরণের জন্য সকলকে অনুরোধ করা হলো। বিস্তারিত যোগাযোগ: ফোন-০২-৫৮১৫৭৯৮৪, মোবাইল: ০১৭১৬৬৫৬৩২০, ০১৫৫২৬৪২৮২৮।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর পরিবার, জীবন ও কর্মের ওপর এবং মহান মুক্তিযুদ্ধের ওপর বাংলাদেশ জাতীয় গণগ্রন্থাগার বা জেলা গ্রন্থাগার বা অন্যান্য নিবন্ধিত গ্রন্থাগারে সংগৃহীত স্থিরচিত্র, প্রকাশনা ও অডিও-ভিডিও ফুটেজ এর অনুলিপি বা রেকর্ডিকা হার্ডকপি বা সফটকপি দীর্ঘমেয়াদী সংরক্ষণের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভে প্রেরণ করতে অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ বিষয় মাননীয় তথ্যমন্ত্রী মহোদয়ের মৌখিক সম্মতি রয়েছে।

বর্ণিত অবস্থায়, উল্লিখিত গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার অধীনস্থ সকল গ্রন্থাগারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত



মোঃ নিজামুল করিম
মহাপরিচালক
ফোন - ৫৮১৫১৪৪৫

মহাপরিচালক
জাতীয় গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

www.publiclibrary.gov.bd

স্মারক নং: ৪৩.২০.০০০০.০০১.১৮.০০১.৮৫-৬৩৬(৫৮)

তারিখ: ০৩/১১/২০২১
২১/০২/২০২১

- পৃষ্ঠাংকন কপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠাতার ভিত্তিতে নয়)
- ১। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
 - ২। পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী।
 - ৩। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর।
 - ৪। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহ।
 - ৫। সিনিয়র লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার,.....
 - ৬। লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান), গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
 - ৭। লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার,.....
 - ৮। সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা সরকারি গণগ্রন্থাগার, বকশিগঞ্জ/দেওয়ানগঞ্জ, জামালপুর।
 - ৯। অফিস কপি।

(খন্দকার আসিফ মাহতাব)

সহকারী পরিচালক
(প্রশাসন ও হিসাব)
ফোন: ৫৮৬১৬২২৩